সংবাদ

তারিখ: 17 OCT 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ৩

জবি ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল

# নতুন কর্মসূচি ঘোষণা প্রশ্নফাঁসে তদন্ত কমিটি

**প্রতিনিধি, জবি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'এ' ইউনিটের (বিজ্ঞান অনুষদ ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত) স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁসে জড়িতদের শাস্তি ও ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে প্রগতিশীল ছাত্রজোট। গতকাল দুপুরে বিক্ষোভ মিছিল শেষে ভাস্কর্য চত্বরে একটি সংক্ষিপ্ত ছাত্র সমাবেশ করেন তারা। সমাবেশে প্রশ্ন ফাঁসের তীব্র নিন্দা জানিয়ে জড়িতদের চিহ্নিত করে অবিলম্বে শাস্তি দাবি করেন নেতারা। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দায়ী করে পুনরায় 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা নেয়ার দাবি জানান তারা। এ সময় বক্তব্য রাখেন শাখা ছাত্রফ্রন্ট সভাপতি মেহেরাব আজাদ, সাধারণ সম্পাদক কিশোর কুমার, শাখা ছাত্র ইউনিয়ন সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক রুনিয়া সুলতানা, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সদস্য রাকিবুল ইসলাম। সমাবেশ শেষে ছাত্রজোট তাদের পরবর্তী কর্মসূচি ঘোষণা করে। এদিকে, ডিজিটাল জালিয়াতির মাধ্যমে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা খতিয়ে দেখতে আইন বিভাগের অধ্যাপক ড. সরকার আলী আকক্কাস-কে আহ্বায়ক করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কমিটির অন্যান্য সদস্যরা হলেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মনিরুজ্জামান এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আতিয়ার রহমান। কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা দেয়ার জন্য ৭ কার্যদিবস সময় দেয়া হয়েছে বলে জানানো হয়।